



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস PPE ফি থেকে রোগীদের রক্ষা করার জন্য পদক্ষেপ গ্রহণ করবে

নিউ ইয়র্কের স্বাস্থ্য বীমা শিল্প স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে কাজ করবে যাতে PPE ফি রোগীদের ফেরত দেওয়া হয়

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস নিউ ইয়র্কের স্বাস্থ্য বীমাকারীদের কাছে [নতুন নির্দেশিকা](#) জারি করেছে যাতে রোগীদের থেকে তাদের বীমাকারীর নেটওয়ার্কে অংশগ্রহণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারীরা ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ফি না নেয়।

"এই অনিশ্চিত সময়ে, যখন বহু নিউ ইয়র্কবাসী জীবন্ধারোনের জন্য লড়াই করছেন, তখন স্বাস্থ্যসেবা প্রদানকারীদের তাদের রোগীদের উপর অতিরিক্ত আর্থিক বোঝা চাপানো উচিত নয়," **গভর্নর কুওমো বলেন।** "এই পদক্ষেপ নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীরা প্রয়োজনীয় এবং কখনও কখনও তাদের কাছে প্রয়োজন জীবনদায়ী পরিচর্যা সাথে জড়িত অতিরিক্ত ফি থেকে সুরক্ষিত থাকবে।"

(Department of Financial Services, DFS) গ্রাহকদের অভিযোগ পেয়েছে যে অংশগ্রহণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারীরা, বিশেষ করে দাঁতের পরিচর্যা সরবরাহকারীরা, তাদের রোগীদের থেকে PPE এর জন্য ফি এবং অন্যান্য COVID-19 এর সাথে সম্পর্কিত বর্ধিত ফি অন্যায্যভাবে সংগ্রহ করছেন, যা তাদের বীমাকারীর কাছে পাঠানো হচ্ছে এবং তা বীমাকৃত রোগীর প্রয়োজ্য খরচের বাইরে চলে যাচ্ছে।

একজন অংশগ্রহণকারী সরবরাহকারীর আওতাভুক্ত পরিষেবার জন্য রোগীর আর্থিক দায়বদ্ধতা ছাড়াও রোগীকে ফি বা অন্যান্য অর্থ চার্জ করা উচিত নয়। উপরন্তু, DFS এমন পলিসি বা চুক্তির বিধান অনুমোদন করে না যা বীমাকৃত রোগীকে অংশগ্রহণকারী সরবরাহকারীর PPE খরচের জন্য দায়ী করে।

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "DFS এর সার্কুলার লেটার নিউ ইয়র্ক স্টেটের বীমাকারীদের মনে করিয়ে দেয় যে গ্রাহকদের থেকে যেন PPE ফি না নেওয়া হয়। বীমা পলিসি বা চুক্তিতে তাদের আর্থিক দায়বদ্ধতার বাইরে যাওয়া ফি-এর জন্য গ্রাহকরা দায়ী নন। এটা অপরিহার্য যে স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং বীমাকারীরা সহযোগিতা করেন যাতে গ্রাহকরা অতিরিক্ত ফি ছাড়াই এই অনিশ্চিত সময়ে তাদের প্রয়োজনীয় পরিচর্যা প্রাপ্ত হন।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কোন অবস্থাতেই PPE এর জন্য রোগীদের চার্জ করা উচিত নয়। নিয়মিত চেক-আপ থেকে শুরু করে অস্ত্রোপচারের প্রক্রিয়া অবধি সকল সময় তাদের রোগী এবং কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরবরাহকারীদের একটি বাধ্যবাধকতা আছে।"

DFS এর সার্কুলার লেটার বীমাকারীদের পরামর্শ দেয়:

- অবিলম্বে তাদের অংশগ্রহণকারী সরবরাহকারীদের জানানো উচিত যে PPE ফি চার্জ না করতে এবং বীমাকৃতদের এই চার্জের জন্য দায়বদ্ধ রাখা চলবে না;
- বীমাকারীদের PPE ফি ফেরত দিতে সরবরাহকারীদের নির্দেশ দেওয়া;
- বীমাকৃতদের জানান যে তাদের PPE ফি-এর জন্য চার্জ করা উচিত নয় এবং সংশ্লিষ্ট অভিযোগ জমা দেওয়ার জন্য বীমাকারীর যোগাযোগের তথ্য প্রদান করা উচিত;
- তাদের প্রদানকারীদের সাথে কাজ করা COVID-19 এর কারণে বর্ধিত খরচের সমস্যা সমাধানের জন্য, যার মধ্যে রয়েছে PPE ফি, যাতে বীমাকৃতরা এই ফি-এর জন্য দায়বদ্ধ না হন, যার জন্য বীমাকারীদের বীমাকৃতদের অন্যায় ফি চার্জ করা হয়েছিল কিনা তা সম্পর্কে প্রদানকারীদের থেকে তথ্য অনুরোধ করতে হতে পারে; এবং
- বীমাকৃতদের রিফান্ড প্রদান করা নিশ্চিত করতে তাদের সরবরাহকারীদের সাথে কাজ করা এবং
- সার্কুলার লেটারের 90 দিনের মধ্যে, DFS এর কাছে রিপোর্ট করা বীমাকৃতদের জন্য PPE ফি-এর পরিমাণ ধার্য করা হয়েছে তা সম্পর্কে, প্রভাবিত বীমাকৃতের সংখ্যা এবং কিভাবে অর্থ ফেরত প্রদান করা হবে তার একটি বর্ণনা।

[DFS ওয়েবসাইটে বীমার সার্কুলার লেটারের একটি কপি পড়ুন।](#)

বীমা পলিসি সম্পর্কে অভিযোগ থাকা নিউ ইয়র্কবাসীদের DFS এর সাথে যোগাযোগ করা উচিত www.dfs.ny.gov/complaint এ অথবা DFS কনজিউমার হটলাইনের মাধ্যমে (212) 480-6400 অথবা (518) 474-6600 নম্বরে (সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30 থেকে বিকেল 4:30 পর্যন্ত)।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এম্বিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)